# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ

স্মারক নং- কোপৌ/

তারিখঃ ২২.০২.২০২০ইং

## নোটিশ

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সম্মানীত সদস্যগনকে জানানো যাইতেছে যে, আগামী ২১/০১/২০২০ইং তারিখ রোজ বুধবার বেলা ১২:০০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় সম্মানীত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য বিষয়সমূহঃ-
১) বিগত সভার কাযবিবরনী পাঠ ও অনুমোদ।
২) অগামী ১৭ই মার্চ, ২০২০ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষে আলোচনা।
৩) বিবিধ।

২২.০২.২০২০
(সালেহা খানম)
সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর -২
ও
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

প্রাপকঃ জনাব--------------------------------
--------------------------------
সদস্য/ সদস্য-সচিব
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ
১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া , গোপালগঞ্জ।
২। সচিব, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
৩। নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৪। সংশিষ্ট নথি ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৫১২৬৭

E-mail: mayor_kotali.poura@yahoo.com


## নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভায়

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখ ঃ ২২.০২.২০২০, সকাল ঃ বিকাল ৪.০০ ঘটিকায়

| ক্রঃ নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সালেহা বেগম | সভাপতি | [signature] 22/02/2020 |
| ০২ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | সদস্য | [signature] |
| ০৩ | জনাব রুবিয়া বেগম | সদস্য | [signature] 22/02/2020 |
| ০৪ | জনাব রাবেয়া বেগম | সদস্য | [signature] 22/02/2020 |
| ০৫ | জনাব নাসির উদ্দিন সরদার | সদস্য | [signature] 22/02/2020 |
| ০৬ | জনাব সঞ্জয় কুমার মজুমদার | সদস্য | [signature] 22/02/2020 |
| ০৭ | জনাব শিরিন আক্তার | সদস্য-সচিব | [signature] 22/02/2020 |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরনী

সভাপতি ঃ জনাব সালেহা খানম, কাউন্সিলর সংরক্ষিত ওয়ার্ড -২, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ ।
স্থান ঃ কোটালীপাড়া পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ।
তারিখ ঃ ২১/০১/২০২০ খ্রিঃ।
রোজ ঃ বুধবার।
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম (সর্ব জনাব) স্বাক্ষর ক্রমানুসারে

| ক্র: নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০২ | জনাব রুবিয়া বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-১, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৩ | জনাব রাবেয়া বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-৩, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৪ | জনাব নাসির উদ্দিন সরদার | কাউন্সিলর, ওয়ার্ড নং-০১, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৫ | জনাব সঞ্জয় কুমার মজুমদার | কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৬ | জনাব শিরিন আক্তার | উচ্চমান সহকারী, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব সালেহা খানম, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড -২, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্য, কর্মকর্তা কর্মচারীবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্য বিবরনী পঠন ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় । কার্যবিবরনী সকলের মধ্যে বিতরণ করা হয় । | |
| ০২ | অগামী ১৭ই মার্চ, ২০২০ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষে | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সম্মানীত সদস্য এবং কোটালীপাড়া পৌরসভার ৬নং ওয়ার্ড কাউন্সিলর জনাব সঞ্জয় কুমার মজুমদার বলেন- আমি শ্রদ্ধাভরে স্মরণ করছি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীন বাংলাদেশের রুপকার বাঙালি জাতির অহংকার জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। প্রিয় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমি আনন্দের সঙ্গে জানাতে চাই যে তোমার স্বাপ্ন আজ তোমরই সুযোগ্য কন্যা জননেত্রী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে পূরণ হতে চলেছে। তুমি বিশ্বের কোটি কোটি মানুষের হৃদয় জয় করেছো। অগামী ১৭ই মার্চ, ২০২০ জন্ম শতবার্ষিকী এবং জাতীয় শিশু দিবসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের যুগান্তকারী ভাষণ আর ঐতিহাসিক ঘটনাগুলো পর্যবেক্ষণ, রাজপথের সংগ্রাম, দীর্ঘ কারাবাসসহ দেশ গড়ার কাজে তাঁর নেতৃত্ব দানের নানা দিক সম্বন্ধে জানতে আগ্রহী তরুন প্রজন্ম। তাই পৌরসভা কার্যালয়ের অভ্যন্তরে একটি মুজিব কক্ষ স্থাপন করা যেতে পারে। শিশু দিবসে যাতে শিশু অধিকার নিশ্চিত হয় সেদিকে সকলকে দৃষ্টি দিতে হবে। মুজিব বর্ষে আর একটি শিশুও যেন নিরক্ষর না থাকে, শিশু শ্রম যেন আর না হয় এটাই হোক আমাদের উদ্যেশ্য। অগামী ১৭ই মার্চ, ২০২০ জন্ম শতবার্ষিক এবং জাতীয় শিশু দিবসে পৌরসভার পক্ষ থেকে বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম গ্রহণ যাতে পারে যেমন- প্রথমেই কোটালীপাড়া পৌরসভার জনগুরুত্বপূর্ণ পয়েন্টে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের একটি ম্যানুয়ান নির্মান করা। পৌরসভার ৯টি ওয়ার্ডের প্রতিটি ওয়ার্ডে ভাঙা রাস্তা মেরামত, নির্দিষ্ট | অগামী ১৭ই মার্চ, ২০২০ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপন সফল করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| | | স্থানে ময়লা আবর্জনা ফেলার জন্য ডাষ্টবিন স্থাপন পাশাপাশি পৌরবাসিকে নির্দিষ্ট স্থানে ময়লা বার্জনা ফেলার জন্য উদ্বুদ্ধ করা, পৌরসভার ৯টি ওয়ার্ডের প্রতিটি ওয়ার্ডে পানির লাইন সংযোগ সঠিক নিয়মমেনে হচ্ছে কিনা এবং পৌরসভার পানির বিল সময়মতো পরিশোধ করছে কিনা না করলে এর ক্ষতিকর দিকগুলি তুলে ধরে উদ্বুদ্ধ করা। পানি লাইনে ছোট/বড় সকল ধরনের লিকেজ শতভাগ মেরামত করা। পৌরবাসির পানি সরবরাহ ঠিক রাখা এবং পৌরবাসিকে পানির অপচয় রোধের ব্যাপারে এবং সময়মতো পনির বিল পরিশোধে সচেতনা সৃষ্টির পাশাপশি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বীরত্বগাথা জীবনের মূল অংশ উক্ত লিফলেটে তুলে ধরা। আমাদের চার পার্শ্বের যত অসংগতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতর্ষিকিতে অনুপ্রাণিত হয়ে দূর করা প্রত্যয়ে এগিয়ে চলা। পরিশেষে বাঙালি কবি এবং প্রবাব্দিক অন্নদাশঙ্করের কণ্ঠে কণ্ঠ মিলিয়ে বলতে চাই- "যতকাল রবে পদ্মা যমুনা গৌরি মেঘনা বহমান, ততকাল রবে কীর্তি তোমার শেখ মুজিবুর রহমান" | |
| ০৩ | বিবিধ | বিবিধে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন। | |

(সালেহা খানম)
সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর- ২ ও
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

২। জনাব........................................ নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

৩। .........................................................................

৪। নোটিশ বোর্ড/অফিস নথি, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।